# মার্চ/২০২৫ খ্রিঃ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা'র মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ রাজ কুমার বিশ্বাস
প্রশাসক
উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
তারিখ ঃ ২৪ মার্চ ২০২৫ খ্রিঃ।
সময় ঃ বেলা ১২.০০ ঘটিকা।
উপস্থিত সদস্যবৃন্দ ঃ (পরিশিষ্ট-ক)।
অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ (পরিশিষ্ট-খ)।

সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হলে কোন প্রকার সংশোধনী /সংযোজনী না থাকায় সর্বসম্মতভাবে তা দৃঢ়ীকরণ করা হয়। এরপর আলোচনার মাধ্যমে ধারাবাহিকভাবে সভা পরিচালনা করা হয়।

| ক্র নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | উপজেলা প্রাণিসম্পদ অফিস | উপজেলা প্রাণিসম্পদ অফিসার জানান, অত্র উপজেলায় প্রচুর শিক্ষিত বেকার রয়েছে যাদেরকে আধুনিক প্রযুক্তিতে হাঁস-মুরগি পালন, ছাগল-ভেড়া পালন, গরু হিতপুষ্ঠ করণ, ডেইরি খামার, সম্প্রসারণ, উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ সাইলেজ তৈরি করন, দুগ্ধজাত পণ্য উৎপাদন ও বিপণন হাঁস মুরগির ডিম ফুটিয়ে বাচ্চা উৎপাদন ও বাণিজ্যিকভাবে বয়লার, লেয়ার, সোনালী এবং দেশি হাঁস মুরগির খামার সম্প্রসারণ পোল্ট্রি ও ডেইলি ফিড উৎপাদন ও বিপণন প্রবৃত্তি বিষয়ে উপযুক্ত প্রশিক্ষণ প্রদানের জন্য উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের একটি প্রশিক্ষণ কক্ষ নির্মাণ অত্যন্ত প্রয়োজন। এ বিষয়ে উপজেলা প্রকৌশল দপ্তরের প্রত্যক্ষ সহযোগিতায় একটি প্রাক্কোলন করে ইতোমধ্যে উপজেলা নির্বাহী অফিসার বরাবর আবেদন করা হয়েছে। উক্ত প্রশিক্ষণ কক্ষের সাথে দুটি বাথরুম এবং দোতলায় উঠার জন্য একটি সিঁড়ি প্রয়োজন। কক্ষটি নির্মাণ করা হলে খামারিদের আধুনিক প্রযুক্তি দিতে প্রশিক্ষণ প্রদান করার মাধ্যমে অত্র উপজেলায় বেকার সমস্যা অনেকাংশে সমাধান করা সম্ভব। তিনি আরো জানান, উন্নত পরিবেশে দুধ, ডিম ও মাংস ক্রয় বিক্রয়ের লক্ষ্যে প্রাণিসম্পদ অফিসারের উদ্যোগে সুন্দরগঞ্জ পৌরসভার কাচা বাজার নির্মিত ছয়টি সেড বুঝে নেওয়ার জন্য সম্মানিত প্রশাসক, পৌরসভা মহোদয়কে উপজেলা প্রাণিসম্পদ অফিসার অনুরোধ করেন। | ১। সেবার ধারা অব্যাহত রাখতে হবে।<br>২। উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন। | ১। উপজেলা প্রাণিসম্পদ বিভাগ ও সংশ্লিষ্ট সকল |
| ২. | উপজেলা মৎস্য অফিস | উপজেলা মৎস্য অফিসার সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগের কোন আলোচনা করা সম্ভব হয় নি। | আগামী সভায় উপস্থিত থাকার অনুরোধ জানানো হয়। | উপজেলা মৎস্য অফিসার |
| ৩. | উপজেলা কৃষি অফিস | উপজেলা কৃষি অফিসার সভাকে বলেন, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। রবি ফসলের লক্ষমাত্র অর্জনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করা হচ্ছে। বর্তমানে সারের কোন সংকট নেই। পর্যাপ্ত সার মজুদ রয়েছে। কেউ যেন কৃত্রিম সারের সংকট তরৗী করতে না পারে সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখতে হবে। যেকোন ধরনের দুর্যোগ মোকাবেলার জন্য উপজেলা কৃষি অফিস প্রস্তুত রয়েছে এবং কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | সারের দোকান/ডিলার পয়েন্ট নিয়মিত তদারকি করতে হবে। | উপজেলা পরিষদ, কৃষি বিভাগ ও সংশ্লিষ্ট সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আউটডোরে মোট রোগী-৫৭৪৩ জন,জরুরী বিভাগে মোট রোগী-২১৩৪ জন,মোট ভর্তি রোগী-৫৪০ জন,প্যাথলজি মোট রোগী-৩৯২ জন, আলট্রাসনোগ্রাম মোট-৩২ , জন,এক্স-রে রোগী-৭৭,ইসিজি- ৫৬ জন,এ্যাম্বুলেন্স সার্ভিস সংখ্যা-৪৩,নরমাল ডেলিভেরী-৪১ জন, সিজারিয়ান সেকশন-০জন,আইএমসিআই-৫১৪ জন। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ব্যবহৃত এ্যামবুলেন্স সচল থাকলেও চালক না থাকায় গুরুতর অসুস্থ রোগী পরিবহনে বিঘ্ন হচ্ছে।<br>তাছাড়া অত্র হাসপাতালে এনসিডি কর্নার, স্যাম কর্নার, ব্রেস্টফিডিং কর্নার, ইপিআই সহ অন্যান্য কার্যক্রম সিমিত জনবল দিয়েই চালু রয়েছে।<br>উপজেলা পরিষদ থেকে এক্স-রে ফিল্মের জন্য ৩০,০০০/-টাকা সহযোগীতা পাওয়া যায় সেই টাকা দিয়ে এক্স-রে ফিল্ম ক্রয় করে এক্স-রে চালু করা হয়েছে।<br>অত্র উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ফেব্রুয়ারি/২০২৫ইং মাসে মোট ইউজার ফি সরকারী কোষাগারে জমা প্রদান করা হইয়াছে। তিনি আরো জানান- হাসপাতালে নিরাপত্তা কর্মীর ২টি পদ থাকলেও কেউ কর্মরত নেই। ফলে হাসপাতালের সার্বিক নিরাপত্তা দেওয়া সম্ভব হচ্ছে না। বিধায় রাতের বেলা নিরাপত্তা নিশ্চিতের জন্য পুলিশ টহল জরুরী। গুরুত্বপূর্ন ও অত্যাধুনিক সেরাম ইলেক্ট্রলাইট এনালাইজার ও সেল কাউন্টার মেশিনে রক্ত পরীক্ষার জন্য তিন লক্ষ টাকার রি-এজেন্ট প্রয়োজন। ডেঙ্গু পরীক্ষার কিট কেনার জন্য জরুরী ভিত্তিতে কুড়ি হাজার টাকার প্রয়োজন। হাসপাতালে বিভিন্ন ওয়ার্ডের জন্য জরুরী ভিত্তিতে বিশটি সিলিং ফ্যান কেনার প্রয়োজন। লোড শেডিং এর সময় রোগীদের স্বস্তির জন্য সোলার প্লান্টের প্রয়োজন। ওয়ার্ডের ময়লা আবর্জনা যাতে রোগীর লোকজন জানালা দিয়ে বাহিরে ফেলে নোংরা করতে না পারে সেজন্য সকল ওয়ার্ডের জানালায় জরুরী ভিত্তিতে নেট/জাল লাগানোর ব্যবস্থা করতে হবে। সুন্দরগঞ্জ উপজেলায় ০৭টি উপ-স্বাস্থ্য কেন্দ্র রয়েছে, ০৩ টি উপ স্বাস্থ্য কেন্দ্র প্রয়োজনীয় জনবল না থাকার কারনে বন্ধ রয়েছে, ০৪টি উপ স্বাস্থ্য কেন্দ্র সপ্তাহে ০২ দিন প্রয়োজনীয় সেবা প্রদান করা হচ্ছে, প্রয়োজনীয় জনবল না থাকার কারনে উপ স্বাস্থ্য কেন্দ্রগুলোতে ০৫ দিন সেবা প্রদান করা সম্ভব হচ্ছে না। এছাড়া সুন্দরগঞ্জ উপজেলায় স্বাস্থ্য কমপ্লেক্সে মঞ্জুরী কৃত ১১টি জুনিয়র কনসালটেন্টের মধ্যে ০২ জন (এ্যানেস্থেশিয়া সার্জারী) কর্মরত আছেন। বাকী ০৯ টি পদ শূন্য রয়েছে। জরুরী ভিত্তিতে শূন্য পদে জুনিয়র কনসালটেন্ট পদায়ন প্রয়োজন। এ বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবরে পত্র পেরণ করা হয়েছে।<br>বর্তমানে শিশুদের ইপিআই টিকাকার্ড সরকারী ভাবে সরবরাহ না থাকায় শিশুদের টিকাকার্ড প্রদান করা সম্ভব হচ্ছে না। বিধায় জরুরী ২০,০০০ টিকাকার্ড ছাঁপানোর জন্য ৫০,০০০/-টাকার প্রয়োজন। | জনসাধারণের চিকিৎসা সেবা নিশ্চিতের জন্য জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং হাসপাতালের নিরাপত্তার লক্ষে নিয়মিত পুলশি টহল অব্যহত রাখতে হবে। জরুরী ভিত্তিতে শূন্য পদে জুনিয়র কনসালটেন্ট পদায়নের লক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫. | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার (অতি: দা:), সভায় জানান তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। মমতা প্রকল্প বন্ধ হওয়ার কারনে গর্ভবতী মায়েদের সন্তান প্রসব ক্ষেত্রে কিছুটা সমস্যা হচ্ছে। অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনারে ক্ষেত্রে কিছু আসবাবপত্র ও ইকুইপমেন্ট প্রয়োজন। ২৪,০০০/- টাকার প্রাক্কলন প্রস্তুত করে প্রেরন করা হয়েছে। বরাদ্দ পেলে প্রয়োজনীয় আসবাবপত্র ও ইকুইপমেন্ট ক্রয় করা হবে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | সেবা প্রদানের ক্ষেত্রে জরুরী সামগ্রি সরবরাহ করতে উপজেলা প্রকৌশলী বিধি মোতাবেক পরবর্তী ব্যবস্থা গ্রহন করবেন। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ৬. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভাকে জানান, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। স্কুল কলেজের কার্যক্রম যথাযতভাবে মনিটরিং করা হচ্ছে যাতে শিক্ষা কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হয়। সামনে এসএসসি পরীক্ষা। পরীক্ষার পরিবেশ স্বাভাবিক রাখতে তিনি সকলের সহযোগিতা কামানা করেন। | শিক্ষা প্রতিষ্ঠানে যাতে দ্বন্দ্ব বা অনাকাঙ্খিত পরিস্থিতি তৈরী না হয় সেদিকে দৃষ্টি রাখতে হবে। এসএসসি পরীক্ষা সুষ্ঠভাবে পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, প্রতিষ্ঠান প্রধান ও সংশ্লিষ্ট সকল |
| ৭. | উপজেলা আনসার ও ভিডিপি অফিস | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার সভাকে জানান, অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এ অফিসের আওতায় বিভিন্ন ধরনের ট্রেনিং কার্যক্রম চলমান রয়েছে। যা সঠিকভাবে পরিচালিত হচ্ছে। | এ ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার |
| ৮. | যুব উন্নয়ন অফিস | উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। অত্র কার্যালয়ের আওতাধীন বেকার যুবদের প্রশিক্ষণ ও প্রশিক্ষণ পরবর্তী আত্মকর্মসংস্থানের লক্ষে কৃষি ও হটি কালচার বিষয়ক ১ মাসের প্রশিক্ষণ, ইউথ ভলানটিয়ার এ্যাওয়ার্ড/২০২৫ এবং সংগঠন ভিত্তিক অনুদান এর বিজ্ঞপ্তি পাওয়া গেছে। বিজ্ঞপ্তি সমূহ ইতোমধ্যে ওয়েব পোর্টালে দেয়া হয়েছে। আগ্রহী প্রার্থীদের আবেদন গ্রহণ করা হচ্ছে। এ বিষয়ে ব্যাপক প্রচারের জন্য দপ্তর প্রধান ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে অনুরোধ করা হচ্ছে। | এ ধারা অব্যাহত রাখতে হবে। দপ্তর প্রধান ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে সহযোগীতা কারার জন্য অনুরোধ করা হচ্ছে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার ও সংশ্লিষ্ট সকল |
| ৯. | উপজেলা পল্লী উন্নয়ন অফিস | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভাকে জানান, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | এ ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১০. | উপজেলা শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা অফিসার সভাকে জানান, উপজেলা শিক্ষা কমিটি কর্তৃক প্রদত্ত নির্দেশনা মোতাবেক উপজেলার প্রাথমিক বিদ্যালয়ের কার্যকৃরম মনিটরিং করা হচ্ছে। কোথাও কোন সমস্যা হলে তা তাৎক্ষনিক সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করা হয়। রমজান মাস উপলক্ষে সামনের মাস হতে শিক্ষা প্রতিষ্ঠানগুলো দীর্ঘ সময়ের জন্য বন্ধ থাকবে। এ সময়ে যাতে বিদ্যালয়সমূহে কোন ধরনের অপ্রীতিকর ঘটনা না ঘটে সে বিষয়ে সকলকে সজাগ থাকতে হবে। | উপজেলা শিক্ষা কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত মোতাবেক উপজেলা শিক্ষা অফিসার ও সহকারী উপজেলা শিক্ষা অফিসারগণ কর্তৃক বিদ্যালয়ের সকল কার্যক্রম মনিটরিং করতে হবে। স্কুল বন্ধের সময় নিরাপত্তা জোড়দার করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১. | উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা অফিসার সভাকে জানান উপজেলায় বিভিন্ন ভাতাভোগীর লাইভ ভ্যারিফিকেশন এর কাজ চলমান আছে । ভাতাভোগীদের ভাতা দ্রুত প্রদান করা হয়েছে। দ্রুত প্রদান করার ফলে এবার ভাতার টাকা হ্যাক হতে পারেনি। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | এ ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার , ইউপি চেয়ারম্যানগণ ও সংশ্লিস্ট সকল |
| ১২. | সামাজিক বন বিভাগ | ফরেস্টার সভাকে জানান তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | এ ধারা অব্যাহত রাখতে হবে। | ফরেস্টার সামাজিক বন বিভাগ ও সংশ্লিষ্ট সকল |
| ১৩. | উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার সভাকে জানান তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। নতুন ভোটার তালিকা হালনাগাদের কাজ চলমান রয়েছে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | ভোটার তালিকা তৈরীর কাজে সতকর্তা অবলম্বন করতে হবে। | উপজেলা নির্বাচন অফিস ও সংশ্লিষ্ট সকল |
| ১৪. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার জানান, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। যেকোন প্রাকৃতিক দূর্যোগ মোকাবেলার উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস সদা প্রস্তুত রয়েছে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | প্রকল্প গ্রহন দ্রুত সম্পন্ন করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, ইউপি চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকল |
| ১৫. | পল্লী বিদ্যুৎ | ডিজিএম পল্লী বিদ্যুৎ সুন্দরগঞ্জ জানান, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বিদ্যুতের সরবরাহ স্বাভাবিক রয়েছে। এখন সেচ মৌসুম চলছে সকলকে বিদ্যুৎ সাশ্রয়ী হওয়ার জন্য অনুরোধ করেন। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | অবৈধ সেচ সংযোগ বন্ধ করতে হবে। বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হতে হবে। | ডিজিএম পল্লী বিদ্যুৎ ও সংশ্লিষ্ট সকল |
| ১৬. | মহিলা বিষয়ক অফিস | উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভাকে জানান ভিডব্লিউবি কর্মসূচীর অনলাইন এখনো চালু হয়নি। অনলাইন চালু হলে পুরো উপজেলায় মাইকিং করা হবে। তিনি ইউনিয়ন কমিটি ও ওয়ার্ড কমিটি গঠনের কথা বলেন। ২০২৩-২৪ অর্থ বছরের সঞ্চয় ফেরত দেয়ার কথা বলেনএবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য চেয়ারম্যান মহোদয়দেরকে অনুরোধ জানান। মা ও শিশু সহায়তা কর্মসূচীর নাম প্রতিমাসে ২২ তারিখের মধ্যে দেয়ার জন্য অনুরোধ জানান। দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | সকল ইউপি চেয়ারম্যান প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৭. | জনস্বাস্থ্য প্রকৌশল অফিস | উপসহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য সভাকে জানান, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পে এ বছর ১৮০টি নলকূপ বরাদ্দ পাওয়া গিয়েছে। ঠিকাদার কর্তৃক সরবরাহ সাপেক্ষে প্রতিটি ইউনিয়নে ১২টি করে নলকুপ সরবরাহ করা যাবে।তালিকা পাওয়া গেলে নলকুপ বিতরণ করা যাবে। | জরুরী ভিত্তিতে তালিকা সংগ্রহ করে নলকুপ প্রাপ্তি সাপেক্ষে বিতরণ এবং স্থাপন করা হবে। | উপসহকারী প্রকৌশল (জনস্বাস্থ্য) ও সংশ্লিষ্ট সকল |
| ১৮. | সহকারী প্রোগ্রামার (আইসিটি) | সহকারী প্রোগ্রামার (আইসিটি) জানান, উপজেলার সকল অফিস/দপ্তর ও ইউনিয়ন পরিষদের সকল বাস্তবায়িত প্রকল্পের ছবিসহ ওয়েব পোর্টাল হালনাগাদ (আপডেট) করার জন্য বার বার অনুরোধ করা হলেও এখন পর্যন্ত অনেকে আপডেট করছেন না। ইউনিয়ন পরিষদ সচিব ও উদ্যোক্তাদের গতিশীল করতে হবে। | উপজেলার সকল অফিস ও ইউনিয়ন পরিষদের সকল বাস্তবায়িত প্রকল্পের ছবিসহ ওয়েব পোর্টাল হালনাগাদ (আপডেট) | সহকারী প্রোগ্রার আইসিটি, ইউপি চেয়ারম্যান, সকল অফিস |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রতিটি অফিস এবং ইউনিয়ন পরিষদকে সিটিজেন চার্টার দৃশ্যমান স্থানে টাংগানোর পর প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হয় । | নিশ্চিত করতে হবে। প্রতিটি অফিস এবং ইউনিয়ন পরিষদকে সিটিজেন চার্টার দৃশ্যমান স্থানে টাংগানো নিশ্চিত করে জরুরীভাবে প্রতিবেদন দাখিল করতে হবে। যে তিনটি ইউনিয়ন এখনও টিসিবি এর তালিকা দিতে পারে নাই, তাদেরকে কারণ দর্শানো হোক। | প্রধানগণ ও সংশ্লিষ্ট সকল |
| ১৯. | সমবায় অফিস | উপজেলা সমবায় অফিসার সভায় জানান, ২০২৪-২৫ অর্থ বছরে ৪টি আশ্রয়ন প্রকল্পে প্রশিক্ষণ দেয়া হবে। ১টি দেয়া হয়েছে। | আগামী জুনের মধ্যে প্রশিক্ষণ সমূহ সমাপ্ত করতে হবে। | উপজেলা সমবায় অফিসার |
| ২০. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগের কোন আলোচনা করা সম্ভব হলো না। | এ ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট সকল |
| ২১. | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা সভাকে জানান, উঠান বৈঠক নিয়মিত করা হচ্ছে। বর্তমানে উঠান বৈঠকের বরাদ্দ পাওয়া গিয়েছে। সকলের সহযোগিতায় স্থান নির্বাচন করে সরকারী কার্যক্রম গ্রামীণ পর্যায়ের নারীদের প্রশিক্ষণ দেয়া হবে। কোথাও কোন উদ্যোক্তা তাদের উৎপন্ন দ্রব্য বিক্রয়ে সমস্যা মনে করলে আমাদের কাছে আসলে আমরা তা বিক্রয় করার ব্যবস্থা গ্রহণ করবো। | উঠান বৈঠক নিয়মিত আয়োজন করতে হবে। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল |
| ২২. | (বিএডিসি ক্ষুদ্র সেচ) | উপসহকারী প্রকৌশলী (বিএডিসি ক্ষুদ্র সেচ) সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগের কোন আলোচনা করা সম্ভব হলো না। | আগামী সভায় উপস্থিত থাকার অনুরোধ জানানো হয়। | সহকারী প্রকৌশলী (বিএডিসি ক্ষুদ্র সেচ) |
| ২৩. | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগের কোন আলোচনা করা সম্ভব হলো না | আগামী সভায় উপস্তিত থাকার অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিষদ |
| ২৪. | উপজেলা পরিষদ | প্রশাসক, উপজেলা পরিষদ সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান এবং সকলের সহযোগিতা কামনা করেন। এডিপির বরাদ্দ পাওয়া গিয়েছে। সংশ্লিষ্ট সকলকে দ্রুত প্রকল্প দাখিল করার জন্য অনুরোধ করা হলো। উপজেলা প্রকৌশলী প্রকল্প সমূহ যাচাই বাচাই পূর্বক দ্রুত পরবর্তী কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। সুন্দরগঞ্জ উপজেলায় কর্মরত দপ্তর প্রধানগণকে অফিসের বিভিন্ন সমস্যা সমাধানের লক্ষে প্রাক্কলনসহ উপজেলা নির্বাহী অফিসার বরাবরে প্রকল্প দাখিলের জন্য অনুরোধ করেন। উপজেলা প্রকৌশলকে এডিপির প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহেনের জন্য অনুরোধ করা হয়। | সুন্দরগঞ্জ উপজেলার উন্নয়নের এই ধারা অব্যাহত রাখতে হবে। যথাসময়ে এডিপি প্রস্তাব সংগ্রহ করে সম্ভাব্যতা ও প্রাক্কলনসহ উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, চেয়ারম্যান ও সংশ্লিস্ট সকল |

Pi

| | | | | |
|---|---|---|---|---|
| ২৫. | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) | উপজেলা প্রকৌশলী (এলজিইডি) জানান, তার অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে। এডিপির ১ম ও ২য় কিস্তির বরাদ্দ পাওয়া গিয়েছে। ৩য় ও ৪র্থ কিস্তির বরাদ্দ খুব শীঘ্রই পাওয়া যাবে। মোট ৪ কিস্তিতে সম্ভাব্য বরাদ্দ ১,১৩,৫২,০০০/- এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল (স্থানান্তরিত উদ্বৃত্ত তহবিল) বাবদ ১,৪০,০০,০০০/- মোট= ২,৫৩,৫২,০০০/- (দুই কোটি তেপান্ন লক্ষ বাহান্ন হাজার) টাকার প্রকল্প পাওয়া গিয়েছে। প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে ৭৬,০৫,০০০/- এবং টেন্ডারের মাধ্যমে ১,৪৫,০৫,৯৯০/- টাকার প্রকল্প গৃহীত হয়েছে। প্রকল্প বাস্তবায়ন ব্যয় বাবদ ১,২৬,৭৬০/- এবং প্রকল্প বাস্তবায়ন তদারকি বাবদ ২,৫২,২৫০/- টাকা। প্রকল্পগুলো সদয় অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হলো। উপস্থাপিত প্রকল্প সমূহের তালিকা পরিশিষ্ট "খ"। | উপস্থাপিত প্রকল্প সমূহের তালিকা পরিশিষ্ট "খ" অনুমোদনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। জরুরী ভিত্তিতে প্রকল্প সমূহের প্রাক্কলন প্রস্তুত পূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী ২। সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান ৩। ইউপি চেয়ারম্যান (সকল) |

**০৩/০৩/২০২৫ হতে ৩১/০৩/২০২৫ পর্যন্ত সময়ে উপজেলা পরিষদের ব্যয়সমূহ ঃ**

| | | | |
|---|---|---|---|
| ১ | মার্চ- ২৫ মাসের উপজেলা পরিষদে দৈনিক মজুরীর ভিত্তিতে নিয়োজিত ২ জন শ্রমিকের (পরিচ্ছন্নতা কর্মী ও মালী) মজুরী বাবদ ব্যয় | ঃ | ২২,০০০/- |
| ২ | মার্চ -২৫ মাসের উপজেলা পরিষদের আপ্যায়ন ও আনুসাঙ্গিক ব্যয় (ভ্যাট ও আয়কর সহ) | ঃ | ৩৫,০০০/- |
| ৩ | মাচ - ২৫ মাসের জ্বালানী বিল (ভ্যাট ও আয়কর সহ) | ঃ | ৩০,৬৬৬/- |
| ৪ | মাচ - ২৫ মাসের নিরাপত্তা খাতে ব্যয় | ঃ | ১০,০০০/- |
| ৫ | মাচ - ২৫ মাসের বর্জ্য ব্যবস্থাপনা খাতে ব্যয় | ঃ | ১২,০০০/- |
| ৬ | মার্চ -২৫ মাসের উপজেলা পরিষদের আপ্যায়ন ও আনুসাঙ্গিক ব্যয় (ভ্যাট ও আয়কর সহ) | ঃ | ৩০,৬৬৬/- |
| ৭ | উপজেলা পরিষদের ০৪ জন কর্মচারী সিজিপিএ | ঃ | ১৬,২২৭/- |
| ৮ | আসবাবপত্র ক্রয় (ভ্যাট ও আয়কর সহ) | ঃ | ১,১৩,৮০০/- |
| ৯ | সিসি ক্যামেরা মেরামত (ভ্যাট ও আয়কর সহ) | ঃ | ২০,৯০১/- |
| ১০ | জীপ গাড়ি মেরামত (ভ্যাট ও আয়কর সহ) | ঃ | ২৫,০০০/- |
| ১১ | বৈষম্য বিরোধী স্মরণ সভার বিল(ভ্যাট ও আয়কর সহ) | ঃ | ২৪,৯০০/- |
| ১২ | হাট বাজার বাবদ ব্যয় (ভ্যাট ও আয়কর সহ) | ঃ | ৩৫,৩৫০/- |
| ১৩ | এসি মেরামত (ভ্যাট ও আয়কর সহ) | ঃ | ৪০,৩০০/- |
| ১৪ | বৈদ্যুতিক লাইন মেরামত (ভ্যাট ও আয়কর সহ) | ঃ | ২৫,০০০/- |
| ১৫ | ওজুখানা নির্মাণ (ভ্যাট ও আয়কর সহ) | ঃ | ২৩,৭০০/- |
| ১৬ | এপ্রিল - ২৫ মাসের নিরাপত্তা খাতে ব্যয় (ঈদ উপলক্ষে অগ্রীম) | ঃ | ১০,০০০/- |
| ১৭ | মাচ - ২৫ মাসের বর্জ্য ব্যবস্থাপনা খাতে ব্যয় (ঈদ উপলক্ষে অগ্রীম) | ঃ | ১২,০০০/- |

বিস্তারিত আলোচনার পর বর্ণিত ব্যয়সমূহ সর্বসম্মতভাবে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বিধিমোতাবেক বাস্তবায়নের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানানো হয়। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভা পরিচালনায় সহযোগিতা প্রদানে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/০৩/২০২৫

(রাজ কুমার বিশ্বাস)
প্রশাসক
উপজেলা পরিষদ
সুন্দরগঞ্জ, গাইবান্ধা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সুন্দরগঞ্জ, গাইবান্ধা
sundarganj.gaibandha.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.৩২৯১.০১১.০১.০০২.২০১৫-২৪০/১ (৬০)

তারিখ ঃ ১০ চৈত্র ১৪৩২
২৪ মার্চ ২০২৫

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। জেলা প্রশাসক, গাইবান্ধা।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার , গাইবান্ধা ।
০৬। উপজেলা . . . . . . . . . . . . . ., অফিসার (সকল) সুন্দরগঞ্জ,গাইবান্ধা।
০৭। চেয়ারম্যান, . . . . . . . . . ইউপি (সকল), সুন্দরগঞ্জ,গাইবান্ধা।
০৮। অফিস কপি।

Raj Kumar
28/06/2025

(রাজ কুমার বিশ্বাস)
উপজেলা নির্বাহী অফিসার
সুন্দরগঞ্জ, গাইবান্ধা
ফোন ঃ ০২৫৮৯৯৮৩৮০২
unosundarganj@mopa.gov.bd